


বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটের উদ্ভাবনী ধারণা-২

ধারণা প্রদানকারীর নামঃ জনাব অলি আহমেদ।

ধারণা প্রদানকারীর পদবীঃ স্টেনোগ্রাফার।

ক্রমিক	বিষয়	বর্ণনা
১.	প্রস্তাবনার শিরোনাম	অফিস বন্ধ, বিদ্যুৎ বন্ধ।
২.	পটভূমিঃ কিসের ভিত্তিতে প্রস্তাবটি উপস্থাপন করা হয়েছে।	অনেক সময় দেখা যায় অফিস ছুটির পর/ছুটির দিন অফিস কক্ষ ব্যবহারকারীরা ভুলক্রমে বিভিন্ন ইলেকট্রিক সরঞ্জামাদি (যেমন- ফ্যান, লাইট, এসি ইত্যাদি) চালু রেখেই কক্ষ বন্ধ করে চলে যান। কক্ষগুলি বন্ধ থাকায় বাইরে থেকে বোঝা গেলেও তা বন্ধ করা সম্ভব হয়না। এতে পুণরায় প্রয়োজন না হওয়া পর্যন্ত সেখানে বিদ্যুৎ অপচয় হতে থাকে। ফলে দেশের বিদ্যুৎ ঘাটতি দেখা দেয়।
৩.	ইনোভেশন প্রস্তাবনার সংক্ষিপ্ত বর্ণনা	অফিস ছুটির পর/ছুটির দিন যদি দেখা যায় বা বোঝা যায় বন্ধ কক্ষের ভেতরে ফ্যান, লাইট, এসি ইত্যাদি অপয়োজনে চলছে তাহলে প্রত্যেক কক্ষের বাইরে বিদ্যুৎ বন্ধ করণের জন্য একটি সাধারণ সুইচ থাকবে। নিরাপত্তা কর্মীরা কিংবা কেয়ারটেকার টহলে এইরকম অবস্থা পেলে সুইচ বন্ধ করে দিতে পারবে।
৪.	এ ইনোভেশন কর্মসূচি বাস্তবায়ন করলে কি ধরনের সুনির্দিষ্ট সুবিধা পাওয়া যাবে/কি ধরনের পরিবর্তন ঘটবে এবং এর দ্বারা কারা উপকৃত হবে।	এ ইনোভেশন কর্মসূচি বাস্তবায়ন করলে বিদ্যুৎ অপচয় রোধ হবে এবং দেশ উপকৃত হবে।
৫.	এ উদ্যোগ বাস্তবায়নে কি ধরনের সহযোগিতা লাগবে এবং কার অনুমোদন লাগবে।	এ উদ্যোগ বাস্তবায়নে প্রত্যেক কক্ষের বাইরে একটি করে বিদ্যুৎ বন্ধের সুইচ স্থাপনে হিসাব শাখা ও সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষণ শাখার সহযোগিতা লাগতে পারে এবং প্রতিষ্ঠান প্রধানের অনুমোদন লাগতে পারে।
৬.	ইনোভেশন ধারণা বাস্তবায়নের প্রাথমিক কর্ম-পরিকল্পনা।	<ul style="list-style-type: none"> ➤ কক্ষের সংখ্যা নির্ধারণ; ➤ তার ও সুইচ এর পরিমাণ নির্ধারণ; ➤ ব্যয় প্রাক্কলন প্রস্তুতকরণ; ➤ প্রয়োজনীয় বাজেট সংস্থান; ➤ বিভাগীয় সংশ্লিষ্ট শাখার মাধ্যমে বাস্তবায়ন; ➤ নিরাপত্তা শাখা/কর্মী/কেয়ারটেকার-কে অবহিতকরণ;
৭.	ইনোভেশন ধারণা দ্বারা প্রত্যাশিত ফল অর্জনের কর্ম-পরিকল্পনা।	<ul style="list-style-type: none"> ➤ সংশ্লিষ্ট সবাইকে অফিস সময় শেষে বাড়ি ফেরার সময় অফিস কক্ষের বিদ্যুৎ সংযোগ বন্ধের জন্য সচেতনতা বৃদ্ধি; ➤ ইনোভেশন ধারণাটি বাস্তবায়িত করে বিদ্যুৎ অপচয় রোধ; ➤ বিদ্যুৎ অপচয় রোধ করে দেশের অগ্রগতিতে সহায়তা।


 ০৬/০৫/২০১৫
 মোঃ জামাল উদ্দীন শাহ
 (যুগ্ম-সচিব)
 পরিচালক
 বারেনগপ্রই, রাজশাহী।